



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৬৯.১৩ - ৩৩৩৬

তারিখ: ২০/০৪/২০১৬ খ্রিঃ।

বিষয়: কৈফিয়ত তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত) এর মাগুরা জেলার শ্রীপুর উপজেলায় বিগত ০৪/১২/১৩ খ্রিঃ তারিখ থেকে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা হিসেবে কর্মরতা আছেন। প্রকল্পভুক্ত উপজেলায় সমিতির সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় স্থায়ী আমানত হিসেবে রাখার জন্য প্রকল্প দপ্তর হতে নির্দেশ দেয়া হয়। কিন্তু আপনি এ বিষয়ে কোন উদ্যোগ গ্রহণ করেননি। শ্রীপুর উপজেলায় আপনার যোগদানের পর থেকেই টেলিফোনে বার বার নির্দেশ দেয়া সত্ত্বেও আপনি সমিতির সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় স্থায়ী আমানত না করে প্রায় দেড় বছর যাবৎ ব্যাংকে অলসভাবে ফেলে রেখেছেন; ফলে সমিতির সুফলভোগীদের সঞ্চয় জমার উপর লভ্যাংশ প্রদানে জটিলতা সৃষ্টি হয়েছে এবং প্রকল্পের প্রায় ৬০,০০০ (ষাট হাজার) টাকার আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

এমতাবস্থায়, প্রকল্পের ৬০,০০০ (ষাট হাজার) টাকা আর্থিক ক্ষতির দায় আপনার উপর বর্তানোসহ কর্তৃপক্ষের আদেশ অমান্য করায় কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

জনাব মোঃ তরিকুল ইসলাম
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)
উপজেলাঃ শ্রীপুর, জেলাঃ মাগুরা।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ শ্রীপুর, জেলাঃ মাগুরা।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপ-পরিচালক, বিআরডিবি, জেলাঃ মাগুরা।
৪. উপ-প্রকল্প পরিচালক (অর্থ ও বাজেট, উন্নয়ন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা। পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. ব্যক্তিগত নথি/সংশ্লিষ্ট নথি/গার্ডফাইল।